

প্রেস রিলিজ

তারিখঃ ৩০ এপ্রিল ২০২৫

বাউবিতে" ক্রিয়েটিভ পাবলিশিং এন্ড ভিজুয়াল কনটেন্ট" বিষয়ক প্রশিক্ষণ প্রোগ্রাম অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত ২৭ এপ্রিল থেকে ৩০ এপ্রিল পর্যন্ত “ক্রিয়েটিভ পাবলিশিং এন্ড ভিজুয়াল কনটেন্ট” বিষয়ক প্রশিক্ষণ প্রোগ্রাম আজ ৩০ এপ্রিল ২০২৫ তারিখ বুধবার শেষ হয়। বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ ক্যাম্পাসের ই-লার্নিং সেন্টারে (আইভিসিয়ার-১) অনুষ্ঠিত প্রশিক্ষণ প্রোগ্রামে রিসোর্স পারসন ছিলেন, বাউবির প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ মনিরুল ইসলাম ও সহকারী পরিচালক আব্দুল মালেক। রিসোর্স পারসন হিসেবে তাঁরা দুজনেই অত্যন্ত দক্ষতার সাথে 'প্রিন্ট, ওয়েব ও মাল্টি-প্ল্যাটফর্ম মিডিয়ার জন্য দৃষ্টিনন্দন ভিজুয়াল কনটেন্ট তৈরি' বিষয়ের ওপর আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে হাতে কলামে প্রশিক্ষণ প্রদান করেন। অত্যন্ত সময়োপযোগী এ প্রশিক্ষণলব্ধ জ্ঞান অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীদের নিজ নিজ কর্মক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) পরিচালক অধ্যাপক ড. সিরাজুল ইসলাম। তিনি প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুল ও বিভাগ এবং আঞ্চলিক কেন্দ্রের মোট ৩৩ জন কর্মকর্তা ও কর্মচারীরা এ প্রশিক্ষণ সফলতার সাথে সম্পন্ন করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)